রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৪.১০৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের নির্বাহী কমিটি (ECNCST)'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| (৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (১০) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১১) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | : | সদস্য |
| (১৩) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | : | সদস্য |
| (১৪) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | | সদস্য |
| (১৫) | উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ | : | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | : | সদস্য |
| (১৯) | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | : | সদস্য |
| (২০) | পরিচালক, ইনস্টিটিউট অব এপ্রোপ্রিয়েট টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (২১) | অধ্যাপক, ড. মোহাম্মদ আব্দুল বাছিত, পদার্থ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (২২) | চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | : | সদস্য |
| (২৩) | প্রফেসর ড. মেজবাহ উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা | : | সদস্য |
| (২৪) | প্রফেসর ড. মো: জাফর ইকবাল, বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট (অবসরপ্রাপ্ত) | : | সদস্য |
| (২৫) | প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| (২৬) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

নির্বাহী কমিটি জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদকে নিম্নলিখিত বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদান করবে:

(১) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনায় উল্লিখিত বিভিন্ন সেক্টরের লক্ষ্য বাস্তবায়নে সহায়ক প্রণয়নকৃত বিজ্ঞান ও প্রযুক্তি নীতি হালনাগাদকরণ;

(২) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রমে সমন্বয় সাধন;

(৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে নীতি এবং প্রযুক্তি পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং

(৫) উল্লিখিত বিষয়সমূহ সম্পর্কে একটি সার্বিক প্রতিবেদন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদে উপস্থাপন।

(গ) নির্বাহী কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারবে।

(ঘ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৭ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)
উপসচিব (কমিটি)
ফোন: ৯৫১১০৮১
e-mail: ca_sec@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd